

## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর www.jessoreboard.gov.bd

চেয়ারম্যানের কার্যালয়



নম্বর ৩৭.১১.৪০৪১.৪০০.৩১.০০১.২০.৪২

তারিখ: ২৫ ভাদ্র ১৪২৮


০৯ সেপ্টেম্বর ২০২১

## বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয: ১২-০৯-২০২১ খ্রি. তারিখ হতে পুনরায় শ্রেণিপাঠদান চালু হওয়ার পরিপ্রেক্ষিতে স্বাস্থ্যবিধি অনুসরণ সম্পর্কিত নির্দেশনা

এ বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে জানানো যাচ্ছে যে, আগামী ১২-০৯-২০২১ তারিখ থেকে সকল নিয়মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণিপাঠদান শুরু হতে যাচ্ছে। শ্রেণিপাঠদান শুরুর লক্ষ্যে নিয়বর্ণিত নির্দেশনা অনুসরণ করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো-

- ১। স্বাস্থ্যবিধিসংক্রান্ত সকল ব্যবস্থা নিশ্চিত করতে হবে
- ২। শিক্ষা প্রতিষ্ঠানে প্রবেশের সময় সকল শি**্ক্ষার্থীর শরীরের তাপমাত্রা পরিমাপ করে** কোনো উপসর্গ আছে কি-না তা যাচাই করতে হবে
- ৩। মাস্ক ব্যতীত কেউ প্রতিষ্ঠানে প্রবেশ করতে পারবে না। মাস্ক পরিধান করার ফলে কম বয়সী শিক্ষার্থীদের কোনো অসুবিধা হচ্ছে কি-না তা পর্যবেক্ষণ করতে হবে
- ৪। সামাজিক দূরত্ব বজায় রেখে শিক্ষার্থীদের শ্রেণিকক্ষে বসার ব্যবস্থা নিশ্চিত করতে হবে
- ৫। শিক্ষার্থীদের প্রতিদিন সাবান-পানি দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা নিশ্চিত করতে হবে
- ৬। শিক্ষা প্রতিষ্ঠান পরিস্কার-পরিচ্ছন্ন করে পর্যাপ্ত স্বাস্থ্যসম্মত স্যানিটাইজেশনের ব্যবস্থা নিশ্চিত করতে হবে
- ৭। শিক্ষাপ্রতিষ্ঠান খোলার পর স্বাস্থ্যগত ও শিক্ষা বিষয়ে কোনো অসুবিধা হচ্ছে কি-না তা প্রতিদিন পর্যবেক্ষণ করতে হবে এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে
- ৮। প্রতিষ্ঠানে কোনো বহিরাগত লোক প্রবেশ করতে পারবে না
- ৯। প্রতিষ্ঠানের ছাত্রীদের চেঞ্জরুম এবং ওয়াশরুম পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে
- ১০। প্রতিষ্ঠানে করোনা মনিটরিং কমিটি গঠন করে প্রতিদিনের তথ্য সংগ্রহ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে
- ১১। শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের টিকা নেয়া নিশ্চিত করে এ বোর্ডকে অবহিত করতে হবে।



৯-৯-২০২১ ড. মোল্লা আমীর হোসেন চেয়ারম্যান

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
- ২) জেলা প্রশাসক, এ বোর্ডের আওতাধীন সকলে জেলা
- ৩) আঞ্চলিক উপপরিচালক, বিদ্যালয় ও পরিদর্শন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
- ৪) জেলা শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল জেলা
- ৫) উপজেলা নির্বাহী অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা
- ৬) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা
- ৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৮) একান্ত সচিব , চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর